

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৯৫

আগরতলা, ২৫ মে, ২০২৪

রেন্টার্স কলোনীতে কাজী নজরুল ইসলামের পূর্ণাবয়ব মূর্তির আবরণ উন্মোচন

বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের  
চিন্তাভাবনা বর্তমান সময়েও প্রাসঙ্গিক : মুখ্যমন্ত্রী

বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের চিন্তাভাবনা বর্তমান সময়েও প্রাসঙ্গিক।  
সমাজের কল্যাণে তিনি অনেক কিছুই করে গেছেন। কাজী নজরুল ইসলাম মানবিকতার যে  
জয়গান দেয়েছেন তা বর্তমান প্রজন্মের সামনে তুলে ধরার প্রয়োজন রয়েছে। আজ  
যোগেন্দ্রনগরের রেন্টার্স কলোনীতে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের পূর্ণাবয়ব মূর্তির  
আবরণ উন্মোচন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। ভারত-বাংলা মৈত্রী  
সংসদ আয়োজিত এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, নজরুলের গান, কবিতা, প্রবন্ধের  
মাধ্যমে বরাবরই বিদ্রোহের মনোভাব প্রকাশ পেয়েছে। নজরুল ইসলামের রচিত গজলগুলি এক  
ঐশ্বরিক অনুভূতি সৃষ্টি করে। নিজে দরিদ্রতার মধ্যে জীবনযাপন করলেও গরীব মানুষের জন্য  
তিনি লড়াই করে গেছেন। নজরুলের জীবন ও সাহিত্য নতুন প্রজন্মের কাছে আরও বেশি  
করে তুলে ধরতে হবে। তবেই তাঁকে প্রকৃত শ্রদ্ধা জানানো যাবে। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত  
ছিলেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, আগরতলা পুরনিগমনের মেয়র দীপক মজুমদার, রাজ্যের  
অ্যাডভোকেট জেনারেল সিদ্ধার্থ শংকর দে প্রমুখ।

\*\*\*\*\*